

## ■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩৪৬

৩১/ বিচার বিধান (কتاب الأقضية)

পরিচ্ছেদঃ ৯. মুজতাহিদগনের মতভেদ সম্পর্কে

بَابُ بَيَانِ اخْتِلَافِ الْمُجْتَهِدِينَ

আরবী

حَدَّثَنِي زُهَيرُ بْنُ حَرْبٍ، حَدَّثَنِي شَبَابَةُ، حَدَّثَنِي وَرْقَاءُ، عَنْ أَبِي الزِّنَادِ، عَنِ الْأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "بَيْنَمَا امْرَأَاتٍ مَعَهُمَا ابْنَاهُمَا جَاءَ الْذِئْبُ فَذَهَبَ بِابْنِ إِحْدَاهُمَا . فَقَالَتْ هَذِهِ لِصَاحِبَتِهَا إِنَّمَا ذَهَبَ بِابْنِكَ أَنْتَ . وَقَالَتِ الْأُخْرَى إِنَّمَا ذَهَبَ بِابْنِكَ . فَتَحَاكِمَتَا إِلَى دَاؤِدَ فَقَضَى بِهِ لِكُبْرَى فَخَرَجَتَا عَلَى سُلَيْমَانَ بْنَ دَاؤِدَ عَلَيْهِمَا السَّلَامُ فَأَخْبَرَتَاهُ فَقَالَ أَتُؤْنِي بِالسِّكِّينِ أَشْعُهُ بَيْنَكُمَا . فَقَالَتِ الصُّغْرَى لَا يَرْحَمُكَ اللَّهُ هُوَ أَبُنَاهَا . فَقَضَى بِهِ لِلصُّغْرَى " . قَالَ قَالَ أَبُو هُرَيْرَةَ وَاللَّهِ إِنْ سَمِعْتُ بِالسِّكِّينِ قَطُّ إِلَّا يَوْمَئِذٍ مَا كُنَّا نَقُولُ إِلَّا الْمُدْيَةَ .

বাংলা

৪৩৪৬। যুহায়র ইবনু হারব (রহঃ) ... আবু ভুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সান্নাহান্ত আলাইহি ওয়াসান্নাম বলেছেনঃ দু'জন মহিলার তাদের নিজ নিজ ছেলে ছিল। হঠাৎ এক নেকড়ে বাঘ এসে তাদের একজনের ছেলে নিয়ে যায়। তখন তাদের একজন সঙ্গীনীকে বললো, তোমার ছেলেকে (বাঘে) নিয়েছে। আর দ্বিতীয় জন বললো, বরং তোমার ছেলেকে (বাঘে) নিয়েছে। এই নিয়ে পর দু'জন দাউদ (আলাইহিস সালাম) এর নিকট নালিশ নিয়ে গেল। তিনি বয়সে বড় মহিলার পক্ষে সন্তানের রায় দিলেন।

তখন উভয়ে বেরিয়ে সুলায়মান ইবনু দাউদ (আলাইহিস সালাম) এর নিকট উপস্থিত হয়ে তাকে সে ঘটনা বলল। তিনি বললেন, তোমরা আমার কাছে একটি ছুরি নিয়ে এসো, আমি সন্তানটিকে কেটে উভয়ের মাঝে ভাগ করে দেবো। তখন ছেটি মহিলাটি বললো, না, তা করবেন না। আল্লাহ আপনার প্রতি রহম করুন (আমি মেনে নিলাম) ছেলেটি ঐ মহিলারই। তখন তিনি ছোট মহিলার পক্ষে ছেলে প্রদানের রায় দিলেন।

বর্ণনাকারী বলেনঃ আবু ভুরায়রা (রাঃ) বললেনঃ আল্লাহর কসম! আমি 'ছুরি' শব্দটি সেদিন ব্যতীত আর কখনও শুনিনি। আমরা মুদ্য বলতাম।

## English

Abu Huraira reported Allah's Apostle (ﷺ) as saying:

While two women had been going along with their two sons, a wolf came and made away with the child of one of them. One of them said to her companion: It is with your child that it (the wolf) has run away. The other one said: It has run away with your child. They brought the matter to (Hadrat) Dawud (David) for decision and he made a decision in favour of the elder one. They then went to Sulaiman b. Dawud (may there be peace upon both of them) and told them (the story). He said: Bring me a knife so that I may cut him (the child) (into two parts) for you. The younger one said: No, it can't be, may Allah have mercy upon you, he (the child) belongs to her (the elder). So he gave a decision in favour of the younger one. abu Huraira said: If ever I heard of the word as-sikin at all, it was that day. We called it by no other name but al-Mudya.

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=13957>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন